**প্রশ্ন:-ট্রাজেডি ও কমেডির পার্থক্য আলোচনা করো।(প্রশ্নমান-৬)**

**উত্তর:-** মানবজীবনের গুরুগম্ভীর এবং বেদনাবহ অবস্থান থেকে যেমন ট্রাজেডির সৃষ্টি,তেমনি এই জীবনের লঘু দিককে কেন্দ্র করেই গড়ে উঠেছে কমেডি।ট্রাজেডি-কমেডির সমন্বয়েই জীবনের ভারসাম্য রক্ষিত হয়। ট্রাজেডির করুন ও মর্মান্তিক আঘাতে মানবমন যখন বিচলিত ও আলোড়িত হতে থাকে,তখন কমেডির মধুর হাস্যোচ্ছল স্পর্শে মনের সেই আঘাত প্রশমিত হয়। মানবজীবনে এই কান্না-হাসি একই সুতোই গাঁথা আছে বলেই ট্রাজেডি ও কমেডির উদ্ভব প্রায় একই সময়ে।

ট্রাজেডি ও কমেডি নাট্য প্রকরণের দুই ভিন্ন রূপ।মুদ্রার দুই পিঠের মতো।এদের পার্থক্য নিম্নরূপভাবে করা যায়-

১) ট্র্যাজেডিতে আমরা যে গভীর ও চিরায়ত জীবন-জিজ্ঞাসার সন্ধান পাই,কমেডিতে তেমনটা পাই না।কমেডি মানুষকে দৈনন্দিন জীবনের নানা প্রকার অসঙ্গতি সম্পর্কে অবহিত করে এবং সমস্ত কিছুর ঊর্ধ্বে এক সানন্দ জগতে নিয়ে যায়।

২) ট্রাজেডির নায়ক-নায়িকারা আদর্শায়িত চরিত্র,অতিমানব।অপরপক্ষে, কমেডির চরিত্ররা টাইপধর্মী, বাস্তবসম্মত এবং সময় ও সমাজের নির্বাচিত প্রতিনিধিত্বমূলক চরিত্র।

৩) ট্রাজেডির সুরে থাকে গভীরতা; অন্যদিকে,কমেডির সুর লঘু।বিপর্যয় ও বিনাশের মধ্য দিয়ে আত্মার যে হাহাকার ফুটিয়ে তোলে ট্রাজেডি,কমেডিতে তা নেই।কমেডির তারগুলি হালকা ও মধুর সুরে বাঁধা ।

৪) ট্রাজেডির ভাষা গভীর ভাবব্যঞ্জক ও কাব্যলক্ষন সমৃদ্ধ।অন্যদিকে,কমেডির ভাষা লঘু-চপল, যার ঔজ্জ্বল্য ও ধার দুটোই বেশি কিন্তু গূঢ়তলচারী নয়।

৫) কমেডি মিলনাত্মক নাটক;ট্রাজেডির পরিসমাপ্তি বিনাশ ও বিপর্যয়ের বিষাদ-করুন আবহে।তবে,সমস্ত কমেডি মিলনান্তক আর ট্রাজেডি বিয়োগান্তক হবে এমন কোনো লিখিত বিধি নেই।

৬) ট্র্যাজেডিতে সাধারণভাবে ব্যক্তির প্রাধান্য; কমেডি সেখানে সমমূল্যের বহুচরিত্রের সমাবেশে বৈচিত্রপূর্ণ।ট্রাজেডির তুলনায় কমেডিতে সমাজ ও জীবনের বাস্তবতা অনেক প্রত্যক্ষ।

৭) ট্র্যাজেডিতে জীবনের বিশাল ও পূর্ণতার ছবি থাকে,যার আধার করুন রস।আর,কমেডিতে থাকে খণ্ডিত জীবনচিত্র হাস্যরসের আড়ালে।

তবে ট্রাজেডি ও কমেডির পার্থক্যের সর্বশেষ মন্তব্য হিসাবে রবীন্দ্রনাথ ঠাকুরের 'পঞ্চভূত' গ্রন্থের 'কৌতুক হাস্যের মাত্রা' প্রবন্ধের নামোল্লেখ করা যায়। এখানে তিনি বলেছেন- "কমেডি এবং ট্রাজেডি কেবল পীড়নের মাত্রাভেদ। কমেডিতে যতটুকু নিষ্ঠুরতা প্রকাশ হয়,তাহাতেও আমাদের হাসি পায় এবং ট্র্যাজেডিতে যতদূর পর্যন্ত যায় তাহাতে আমাদের চোখে জল আসে...অসংগতি তার অল্পে অল্পে চড়াইতে বিস্ময় ক্রমে হাস্যে এবং হাস্য ক্রমে অশ্রুজলে পরিণত হইতে থাকে।"--

--------------###--------------